



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিবিউবি-১(৩৩)/২০১৯-২০২০/৮৯৫

তারিখঃ ১২-০১-২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ শেরপুর সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন পরিষদ এবং চাঁদপুর জেলার হাইমচর উপজেলা
নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ২৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/ ১২ জানুয়ারী, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০২/২০২০ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য সংযুক্ত করা হলো।


০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮/০১/২০২০ তারিখের প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩. ০৮.০০২.১৮-০৪ এর প্রেক্ষিতে শেরপুর সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট (ইউনিয়নের) এবং চাঁদপুর জেলার হাইমচর উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট (উপজেলায়) নির্বাচনী এলাকায় ১৩ জানুয়ারী, ২০২০ তারিখ সোমবার কর্মকর্তা/ কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের আঞ্চলিক কার্যালয়সহ সকল শাখা বন্ধ থাকবে।

০৩। উল্লেখ্য, ১৩ জানুয়ারী, ২০২০ তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় অবস্থিত শাখাসমূহ (হাইমচর ও চরভৈরবী শাখা, চাঁদপুর) বন্ধ থাকবে বিধায় বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথ বাস্তবায়ন ও অনুসরণের জন্য অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় নির্বাচনাধীন এলাকায় আওতাভুক্ত নয় সে সকল অঞ্চলসমূহ যথাযথ খোলা থাকবে।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : ০১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,

১২/০১/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিবিউবি-১(৩৩)/২০১৯-২০২০/৮৯৫

তারিখঃ ১২-০১-২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


১২/০১/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ০২/২০২০

তারিখঃ ২৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার ঝিলিম এবং শেরপুর সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন পরিষদ, চাঁদপুর জেলার হাইমচর উপজেলা এবং বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা পরিষদের নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮/০১/২০২০ তারিখের প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-০৪ এর প্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার ঝিলিম এবং শেরপুর সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট (ইউনিয়নের) ও চাঁদপুর জেলার হাইমচর উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট (উপজেলায়) নির্বাচনি এলাকায় ১৩ জানুয়ারি ২০২০ তারিখ সোমবার এবং বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্ট (উপজেলায়) নির্বাচনি এলাকায় ১৫ জানুয়ারি ২০২০ তারিখ বুধবার কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের আঞ্চলিক কার্যালয়সহ সকল শাখা বন্ধ থাকবে।

অনুমহাপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রফিকুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২০৭